গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৯.২০১৫-১২৮ তারিখঃ- ২৫-০৩-২০১৯ খ্রিঃ

## প্রজ্ঞাপন

হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও চিকিৎসা সেবার মান উন্নয়নের লক্ষ্যে জেলা হাসপাতালসমূহে সরকার নিম্নরূপভাবে ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠন করলেনঃ

### জেলা সদর/জেনারেল হাসপাতাল ব্যবস্থাপনা কমিটিঃ

| | |
|---|---|
| ১। সংশ্লিষ্ট জেলার জ্যেষ্ঠ মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী বা সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য | : সভাপতি |
| ২। সংশ্লিষ্ট জেলার (যদি থাকে) সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্য | : সহ সভাপতি |
| ৩। জেলা প্রশাসক | : সদস্য |
| ৪। পুলিশ সুপার | : সদস্য |
| ৫। মেয়র, সদর পৌরসভা | : সদস্য |
| ৬। সিভিল সার্জন | : সদস্য |
| ৭। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা | : সদস্য |
| ৮। উপ-পরিচালক, সমাজ সেবা বিভাগ | : সদস্য |
| ৯। পৌরসভা কর্তৃক মনোনীত একজন মহিলা কাউন্সিলর | : সদস্য |
| ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব | : সদস্য |
| ১১। সভাপতি/সাধারন সম্পাদক, স্থানীয় বিএমএ | : সদস্য |
| ১২। জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের একজন প্রতিনিধি | : সদস্য |
| ১৩। সেবিকা প্রতিনিধি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে মনোনীত) | : সদস্য |
| ১৪। তত্ত্বাবধায়ক, সদর/জেনারেল হাসপাতাল | : সদস্য-সচিব |

### কমিটির কার্যপরিধি-

১। কমিটির সভাপতির অনুমতি সাপেক্ষে সদস্য - সচিব সভা আহবান করবেন।

২। সভাপতির অবর্তমানে বা তাঁর অনুমতিক্রমে সহ-সভাপতি/জ্যেষ্ঠ কোন সদস্য এ কমিটির সভা পরিচালনা করতে পারবেন।

৩। কমিটি ন্যূনতম প্রতি মাসে একবার আলোচনায় মিলিত হবেন।

৪। কোন যুক্তি সংগত কারণ ব্যতীরেকে কোন সদস্য পর পর তিনবার অনুপস্থিত থাকলে তার সদস্য পদ বাতিল বলে গণ্য হবে।

৫। কমিটি প্রয়োজনবোধে সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে, তবে তার সংখ্যা কোনভাবেই তিন জনের বেশী হবে না। কমিটিতে মহিলা সদস্য অন্তর্ভুক্তির প্রচেষ্টা করতে হবে।

৬। কমিটির সভায় ন্যূন্যতম মূল কমিটির সাতজন উপস্থিত থাকতে হবে।

৭। কমিটি হাসপাতালের সকল চিকিৎসক ও কর্মচারীদের হাসপাতালে উপস্থিতি, কর্মকালীন সময়ে অবস্থান এবং দায়িত্ব পালন পরিবীক্ষণ করবেন।

৮। কমিটি হাসপাতালের পরিস্কার/পরিচ্ছন্নতা, বর্জ্য ব্যবস্থাপনা এবং কর্ম পরিবেশ উন্নত করণে বিশেষ ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। কমিটি হাসপাতালের অগ্নি নির্বাপন ব্যবস্থা জোরদার করবেন এবং দুর্যোগ মোকাবেলায় জরুরী পদক্ষেপ গ্রহণ করবেন।

১০। কমিটি জেলা হাসপাতাল হতে প্রদত্ত সেবার (নিরাময় ও প্রতিষেধক) পরিমাণগত ও গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করবেন। বিশেষতঃ বীর মুক্তিযোদ্ধা, হতদরিদ্র, মহিলা, শিশু, বৃদ্ধ ও সুবিধা বঞ্চিতদের সেবা সুনিশ্চিত করবেন।

১১। কমিটি স্থানীয়ভাবে সম্পদ আহরন, রক্ষণ ও ব্যবহার করতে পারবেন। সরকার কর্তৃক বরাদ্দকৃত সম্পদের (মানব সম্পদ, ঔষধ, যন্ত্রপাতি, আসবাবপত্র, স্থাপনা ইত্যাদি) সুষ্ঠু ব্যবহার সুনিশ্চিত করবেন।

১২। কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের অনুমোদিত বাজেট এর মধ্যে বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

১৩। কমিটি প্রয়োজন বোধে বিশেষ দায়িত্ব পালনের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের জন্য কমিটির অন্তর্ভুক্ত/বাইরের ব্যক্তির সমন্বয়ে উপ-কমিটি গঠন করতে পারবেন।

১৪। জেলা পর্যায়ে চিকিৎসা/স্বাস্থ্য সেবা প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন করবেন।

১৫। কমিটি হাসপাতালে রোগী সেবায় ব্যবহৃত যন্ত্রপাতি সচল রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।
১৬। কমিটি সরকারি অর্থায়নে সরবরাহকৃত ঔষধ যথাযথভাবে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৫/৬/২১

(মো: আবু রায়হান মিঞা)
উপ-সচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, সংসদ সচিবালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ প্রজ্ঞাপন কমিটি সমূহের আহবায়ক/সদস্য/সদস্যবর্গের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন)।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সিলেট/খুলনা।
৭। সিভিল সার্জন (সকল)।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল/সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।





# সনদপত্র

**'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী : স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ'** উদযাপন উপলক্ষে

খুলনা জেলার দপ্তরভিত্তিক উন্নয়নচিত্র প্রদর্শনের জন্য দুইদিনব্যাপি আয়োজিত মেলায়


অংশগ্রহণকারী / উত্তম সেবা প্রদানকারী / স্টল সুসজ্জিতকরণ / বেসরকারি সংগঠন ক্যাটাগরিতে

সিভিল সার্জন অফিস ও ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, খুলনা

প্রথম হওয়ায়

জেলা প্রশাসন, খুলনার পক্ষ থেকে

## অভিনন্দন ও শুভেচ্ছা



তারিখ:
২৭ ও ২৮ মার্চ ২০২১ খ্রি.

মোহাম্মদ হেলাল হোসেন
জেলা প্রশাসক, খুলনা
ও
সভাপতি
'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী : স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ'
উদযাপন সংক্রান্ত জেলা কমিটি, খুলনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

# মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা ২০২২

## সনদপত্র

জেলা প্রশাসন, খুলনার আয়োজনে "মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা ২০২২" এ সেবা ক্যাটাগরিতে সিভিল সার্জন অফিস ও ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, খুলনা প্রথম স্থান অধিকার করেছে।

উক্ত প্রতিষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করছি।

মোঃ ইউসুপ আলী
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
খুলনা

মোঃ মনিরুজ্জামান তালুকদার
জেলা প্রশাসক
খুলনা